

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫ ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩  
website: www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.১৪.০৪৭.১০/ ৪০২


তারিখঃ ২৬ /০৮/১৪২৪ বঃ  
৩৭ /১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ জেলা প্রশাসক সম্মেলন, ২০১৭ খ্রিঃ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০১৫.০০১.০২.০১.০৩৫.২০১০-১১২৪ তারিখঃ ২১/০৯/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ এ গণপূর্ত অধিদপ্তর সম্পর্কিত সিদ্ধান্তের নভেম্বর/২০১৭ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০২(দুই) প্রস্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে - ৪ পাতা।

  
(মোসলেহ উদ্দিন আহাম্মদ)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা  
ফোনঃ ৯৫৬৮৯১৪, ফ্যাক্স : ৯৫৫৪৬২৪  
se\_coord@pwd.gov.

কার্যার্থেঃ

সহকারী সচিব,  
প্রশাসন -৩ শাখা  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, এম আই এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। (সংযুক্তিঃ প্রতিবেদন ০১ প্রস্থ)।

জেলা প্রশাসক সম্মেলন - ২০১৭  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত

প্রতিবেদনকাল : নভেম্বর/২০১৭ খ্রিঃ

(ক) স্বল্পমেয়াদি :

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	সরকারি বাসাগুলির গুণগত মান বিবেচনায় নিয়ে বেতন স্কেল হতে বাসা-ভাড়া কর্তন না করে নির্দিষ্ট অঙ্কের (Fixed Rent) বাসা-ভাড়া হার নির্ধারণ করতে হবে।	বিষয়টি গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট নয়।

(খ) মধ্যমেয়াদি :

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং রাজউক কর্তৃক ব্যক্তির অনুকূলে পুট বরাদ্দকালে জরিপ অনুযায়ী জমির রেকর্ডীয় দাগ ও খতিয়ান বরাদ্দপত্রে উল্লেখ করতে হবে।	বিষয়টি গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট নয়।
০২।	জেলা প্রশাসকের কার্যালয় এবং সার্কিট হাউজে অত্যাধুনিক সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।	বাস্তব চাহিদা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(গ) দীর্ঘমেয়াদি :

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	হবিগঞ্জ জেলার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে নতুন বহুতল ভবন নির্মাণ এবং বসবাসের অনুপযোগী কোয়ার্টারগুলি মেরামত/ সংস্কার করতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রণয়নের প্রাথমিক কার্যাদি সম্পন্নের জন্য গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ে অবহিত করা হয়েছে। এতদ্ব্যতীত মন্ত্রিপরিষদ বিভাগের নিকার ও টাস্কফোর্সের অনুমোদন স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে পুরাতন ভবন মেরামত/ সংস্কার কার্যক্রম চলমান রয়েছে।
০২।	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সমস্যা নিরসনকল্পে সিলেট বিভাগীয় শহরে বহুতলবিশিষ্ট সরকারি বাসা/ কোয়ার্টার নির্মাণ করতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রণয়নের প্রাথমিক কার্যাদি সম্পন্নের জন্য গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ে অবহিত করা হয়েছে। এতদ্ব্যতীত মন্ত্রিপরিষদ বিভাগের নিকার ও টাস্কফোর্সের অনুমোদন স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে পুরাতন ভবন মেরামত/ সংস্কার কার্যক্রম চলমান রয়েছে।
০৩।	পরীক্ষা-নিরীক্ষাক্রমে রাজশাহীতে সার্কিট হাউজের নতুন ভবন নির্মাণ করতে হবে।	রাজশাহীতে বর্তমানে দুই তলা বিশিষ্ট একটি সার্কিট হাউজ রয়েছে। যার নীচতলা ১৯৬২ সালে নির্মিত এবং পরবর্তীতে ২০০৬ সালে দ্বিতীয় তলা নির্মাণ করা হয়। উক্ত সার্কিট হাউজে ৩টি ভিডিআইপি এবং ৬টি ভিআইপি রুম রয়েছে। তবে বিভাগীয় শহর হিসেবে সার্কিট হাউজের সক্ষমতা অপ্রতুল। ২০১১ সালে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত ও নিকার কর্তৃক অনুমোদিত ৩তলা (টাইপ-৩) সার্কিট হাউজ নির্মাণের ৯৯৫.৫৫ লক্ষ টাকার একটি পিপিএনবি প্রক্রিয়া করণ করা হয়। তা অনুমোদিত না হওয়ায় নির্মাণ কাজ করা

গণপূর্ত  
গ/স/স/স  
গ/স/স/স

০৭.১২.১৭

		সম্ভব হয়নি। বর্তমানে বাস্তবতার নিরিখে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন সার্কিট হাউজ নির্মাণ করা যায়। সেক্ষেত্রে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত ও নিকার কর্তৃক অনুমোদিত নকশা পাওয়া গেলে গণপূর্ত অধিদপ্তর ডিপিপি প্রণয়ন করে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবে।
০৪।	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সংকট নিরসনকল্পে পুরাতন ভবন সংস্কার ও নতুন ভবন নির্মাণ করতে হবে।	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক সংকট নিরসনকল্পে ঢাকার মিরপুর, আজিমপুর, মতিঝিল, ইস্কাটনে এবং চট্টগ্রামে একাধিক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে পুরাতন ভবন সংস্কার কার্যক্রম চলমান রয়েছে।
০৫।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি কমপ্লেক্সের আয়তন আরও বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্থাপত্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মাস্টারপ্ল্যান প্রাপ্তি স্বাপেক্ষে ডিপিপি প্রণয়ন করে সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

*[Handwritten signature]*

*[Handwritten signature]*

*[Handwritten signature]*  
 (মোঃ হাবিবুল হক শাইন)  
 নির্বাহী প্রকৌশলী (সমন্বয়)  
 গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

*[Handwritten signature]*  
 ০৭.১২.১৭  
 (মোসলেহ উদ্দীন আহাম্মদ)  
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
 গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।